

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

তারিখ : ১৭ - ০৭ - ২০১৯

সাকুলার- ৮/২০১৯

কনভেনর প্রাইমারী ইউনিট/ সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,


নতুন শিক্ষাবর্ষের শুরুতে আপনাদের শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। শিক্ষাক্ষেত্রের বর্তমান অবস্থা স্বহৃদে আপনারা সকলেই অবহিত আছেন। তাই এই মুহূর্তের অত্যন্ত প্রয়োজনীয় বিষয়গুলি নিয়ে আপনাদের কিছু কথা জানাচ্ছি।

গত ১৪ জুলাই, ২০১৯ তারিখে দিল্লীতে এআইফুকটোর জাতীয় কর্মসমিতির সভা অনুষ্ঠিত হয়। এই সভায় সব থেকে বেশী আলোচিত হয় দুটি বিষয়। প্রথমেই জানাই আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ, পাঞ্জাব ও মণিপুর ছাড়া অন্য সমস্ত রাজ্যে সপ্তম বেতন কমিশন চালু হয়ে গেছে। পাঞ্জাব ও মণিপুর সরকার এই সময় নতুন পে-কমিশন দেওয়ার ব্যাপারে কাজ শুরু করলেও পশ্চিমবঙ্গ সরকার এ ব্যাপারে নীরব ও উদাসীন। একমন কি বাকী দুই রাজ্যের মুখ্যমন্ত্রী এই প্রসঙ্গে এআইফুকটোর সাধারণ সম্পাদকের চিঠির উত্তর দিলেও, আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী সামান্য উত্তর দেওয়ার সৌজন্যটুকুও দেখান নি। তাছাড়া দ্বিতীয় যে বিষয়টি আলোচনায় প্রাধান্য পায় সেটা অবশ্যই খসড়া জাতীয় শিক্ষানীতি। সম্পূর্ণরূপে সাধারণ ছাত্রছাত্রীদের স্বার্থবিরোধী এবং শিক্ষাকে বানিজ্যিক, সংকোচিত ও রাজনীতিকরণের যে প্রয়াস শুরু হয়েছে তার বিরুদ্ধে তীব্র জনমত গড়ে তোলার প্তাব দেওয়া হয়েছে। এ বিষয়ে সমস্ত রাজ্যে ইউনিটে ইউনিটে সেমিনার করার অনুরোধ করা হচ্ছে।

আপনারা জানেন যে ৭ম বেতনক্রম চালু করার দাবিতে এবং অন্যান্য আরও দাবিতে আমরা আন্দোলন করেছি এবং মাননীয় শিক্ষামন্ত্রীর স্মারকলিপিও দিয়েছি। কিন্তু সবটাই নিরর্থক হওয়ায় আমাদের অধ্যাপক সমিতির গত ২২ জুন এর কর্মসমিতির সভা থেকে আগামী ২৬ জুলাই, ২০১৯ তারিখে বিকাশভবনের সামনে বিক্ষোভ অবস্থান আন্দোলনের ডাক দেওয়া হয়েছে। আপনাদের সকলকে ঐ দিন বেলা এগারোটার সময় বিকাশভবনের সামনে জমায়েত হওয়ার জন্য আহ্বান করছি।

সকল জেলা সভাপতি, জেলা সম্পাদক এবং প্রাইমারী ইউনিটের কনভেনারদের এই বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করছি। বিশ্বাস রাখি, আপনাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি আমাদের আন্দোলনকে সফল করে তুলবে।

ধন্যবাদ সহ



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক